দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 DEC 2006
পৃষ্ঠা 20 কলাম 2

# চট্টগ্রাম ভার্সিটিতে ছাত্রলীগ ছাত্রশিবির ও ছাত্রজোটের দিনভর সংঘর্ষ ॥ আহত ২০

॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ॥

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে গতকাল রবিবার দিনভর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ ও প্রগতিশীল ছাত্রজোটের নেতা-কর্মীদের উপর দফায় দফায় হামলা চালিয়েছে ছাত্রশিবির। হামলায় সাংবাদিকসহ অর্ধশতাধিক আহত হয়েছে। আহতদের চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতাল ও ক্লিনিকে চিকিৎসা দেয়া হয়েছে। ছাত্রলীগ কর্মীরা নগরীর ষোলশহর এলাকায় দুইদফা রাস্তায় [illegible]

[illegible] পৃঃ)

## চট্টগ্রাম ভার্সিটিতে

(২০শ পৃঃ পর)

বিচার এবং ভিসি ও প্রক্টরের পদত্যাগের দাবি
আজ থেকে ক্যাম্পাসে লাগাতার অবরোধ কর্মসূ
ঘোষণা করেছে ছাত্রলীগ।

বেলা সোয়া বারোটার দিকে শহীদ মিন
এলাকায় ছাত্রলীগ কর্মী সুমনের সাথে কথা কাটাকা
হয় শিবিরকর্মী মাসুদ ও বেনজীরের। এর
শিবিরকর্মী ও ছাত্রলীগ কর্মীদের সংঘর্ষ বেধে যায়
তিন শিবিরকর্মী আহত হয়। এরপর শিবিরের শ
শত কর্মী বাঁশ, লোহার রড, লাঠি নি
বিশ্ববিদ্যালয়ে ১নং গেট ও প্রত্যেকটি ভবনের মূ
গেট বন্ধ করে ছাত্রলীগ কর্মীদের খুঁজতে থাকে
আহত হয় ছাত্রলীগের যুগ্ম সম্পাদক মুন্সী তানি
আক্তার চম্পা। ক্যাম্পাসের বিভিন্ন এলাকা ও ১
রেলস্টেশনে শিবিরের হামলায় গুরুতর আহত হ
ছাত্রলীগের জাহিদুল ইসলাম জুয়েল, শান্ত, সুম
প্রণব ভট্টাচার্য, রিপন তালুকদার, জিকু, মোস্তফ
শিহাব, সুমন।

দুপুরে শিবির প্রক্টর অফিসে প্রগতিশী
ছাত্রজোটের উপর হামলা চালায়। ছাত্রফ্রন্টের জসি
উদ্দিন রাসেলসহ ২০ জন আহত হয়। ছাত্রজোটে
নেতা-কর্মীদের নিয়ে বিশ্ববিদ্যালয়ের একটি এম্বুলে
১নং রেলস্টেশন এলাকায় পৌঁছুলে তাতে হামলা চালা
শিবির। হামলার ছবি তুলতে গেলে দৈনিক জনকণ্ঠে
ফটো সাংবাদিক এমরান হোসাইনকে পিটিয়ে আহ
করে তার ক্যামেরা চূর্ণবিচূর্ণ করে দেয়। এম্বুলে
ড্রাইভার ও ড্রাইভার মাহবুবকে পেটানো হয়।

শিবিরের হামলার প্রতিবাদে দুপুরে নগরী
ষোলশহর এলাকায় রাস্তায় ব্যারিকেড দেয় ছাত্রলীগ
প্রায় ২ ঘন্টা রাস্তা অবরোধের ফলে দু'পাশে শত শ
যানবাহন আটকা পড়ে। বিকাল সাড়ে ৫টার দিকে এ
ছাত্রলীগ কর্মীর মৃত্যুর গুজব ছড়িয়ে পড়লে ছাত্রলী
কর্মীরা পুনরায় উক্ত স্থানে ব্যারিকেড দিয়ে ৭/৮টি গাড়ি
ভাংচুর করে। এ সময় বিক্ষোভ সমাবেশ হয়।

হামলাকারীদের গ্রেফতার ও বহিষ্কারের দাবিতে
আগামীকাল মঙ্গলবার থেকে বিশ্ববিদ্যালয়ে লাগাতা
অবরোধ কর্মসূচি ঘোষণা করেন নেতৃবৃন্দ।

শিবির দাবি করছে, বিনা উস্কানিতে ছাত্রলীগ
কর্মীরা শিবির কর্মী বেনজির ও মাসুদের উপর হামলা
চালিয়েছে। শিবির সভাপতি মেজবাহ উদ্দিন নাঈম
বলেছেন, ছাত্রলীগের হামলার জবাবে শিবির প্রতিরোধ
করেছে মাত্র। ছাত্রলীগ সহ-সভাপতি মাহেদুর রহমান
রাজু বলেন, শিবিরের সাংগঠনিক সম্পাদক হাসান
আলীর নেতৃত্বে কর্মীরা ছাত্রলীগ কর্মীদের উপর হামলা
চালিয়েছে। তাদের কয়েক কর্মীকে শিবির অপহরণ
করেছে। শিবিরের পাহারার কারণে অনেক নেতা-কর্মী
ক্যাম্পাস থেকে বের হতে পারছে না। ক্যাম্পাসে
থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

সহকারী প্রক্টর আশিকুর রহমান জানান, তদন্তের মাধ্যমে দোষীদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া হবে। এছাড়া প্রক্টোরিয়াল বডি ছাত্রলীগ নেতৃবৃন্দের সাথে আলোচনা চালিয়ে যাচ্ছে বলে তিনি জানান। অনেক ছাত্র-ছাত্রী গতকালই ক্যাম্পাস ত্যাগ শুরু করেছে। ৩০ ডিসেম্বর থেকে পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বিশ্ববিদ্যালয় ১৫ দিনের জন্য বন্ধ হচ্ছে।

### ফটো জার্নালিস্ট এসোসিয়েশনের নিন্দা

সংঘর্ষে দৈনিক জনকণ্ঠের ফটো সাংবাদিক এমরান হোসাইনের উপর হামলার নিন্দা জানিয়েছে চট্টগ্রাম ফটো জার্নালিস্ট এসোসিয়েশন। সংগঠনের সভাপতি মঞ্জুরুল আলম মঞ্জু ও সেক্রেটারী দিদারুল আলম বিবৃতিতে উক্ত হামলায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি এ হামলায় জড়িতদের গ্রেফতার ও শাস্তি দাবি করেন।